সংবাদ

তারিখ ..... 20 FEB 2017
পৃষ্ঠা ..২.... কলাম ..৭.........

# সাঁওতাল বর্ণমালায় প্রাক-প্রাথমিক পাঠ্যপুস্তক রচনার দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

আদিবাসী সাঁওতাল শিশুদের মাতৃভাষায় প্রক-প্রাথমিক পাঠ্যপুস্তক রচনা করার দাবি জানিয়েছে আদিবাসী সাঁওতাল নেতারা। গত রোববার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই দাবি জানানো হয়। যৌথভাবে সংবাদ সম্মেলনের আয়োজন করে 'আদিবাসী সাঁওতাল ফেলোশিপ ও সমিতি' 'সাঁওতাল লেখক ফোরাম-বাংলাদেশ', 'সান্তাল রানাজট সমিতি', 'আদিবাসী মুক্তিমোর্চা', 'উত্তরবঙ্গ আদিবাসী ফোরাম', 'সাঁওতাল সমন্বয় পরিষদ', 'বিএন ই এল সি-সাহিত্য বিভাগ', 'তাবিথা সংবাদ'।

সংবাদ সম্মেলনে আদিবাসী সাঁওতাল ফেলোশিপের সহ-সভাপতি গাব্রিয়েল মারান্ডী'র সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন- সাঁওতাল লেখক ফোরামের সাধারণ সম্পাদক প্রভাত টুডু, সাঁওতাল নেতা যতীন মারান্ডী, এনোস হাঁসদা, সন্তোষ সরেন, লেখক ও গবেষক সুবোধ এম বাস্কে, তাবিথা সংবাদের সম্পাদক স্টেফান সরেন, সাঁওতাল সমন্বয় পরিষদের সভাপতি মি. কর্নেলিয়াস মুরমু প্রমুখ।